# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 27 May, 2025

চট্টগ্রামের সীতাকুণ্ডে পিকআপভ্যান থেকে লুট হওয়া ১২টি গরু উদ্ধার করেছে পুলিশ।এ সময় দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। সোমবার (২৬ মে) রাতে উপজেলার ভাটিয়ারি বিএসবিএ হাসপাতাল এলাকা থেকে গরুগুলো উদ্ধার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হল, সীতাকুণ্ডের ভাটিয়ারি হাসনাবাদ গ্রামের আবু তাহেরের ছেলে তানজির হোসেন আমিন প্রকাশ তামিম (৩২) এবং একই এলাকার আনোয়ার (৪০)।

জানা গেছে, রবিবার দিবাগত রাতে চট্টগ্রামের গরু ব্যবসায়ী মো. মাহফুজ আলম একটি পিকআপ ভ্যানযোগে ১২টি গরু নিয়ে বিক্রির উদ্দেশ্যে চট্টগ্রাম যাচ্ছিলেন।গাড়িটি সোনাইছড়ির বগুলাবাজার এলাকায় পৌঁছালে একদল দুর্বৃত্ত পিকআপভ্যানটি আটকে গরুগুলো লুট করে নেয়।রবিবার এ ঘটনায় ভুক্তভোগী ব্যবসায়ী মাহফুজ সীতাকুণ্ড থানায় একটি অভিযোগ দায়ের করেন।

সীতাকুণ্ড মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুজিবুর রহমান বলেন, চট্টগ্রামে বিক্রির জন্য নিয়ে যাবার সময় রবিবার ভোররাতে সোনাইছড়ি এলাকায় একটি স্থানে পিকআপভ্যান থেকে ১২টি গরু লুট হয়। ঘটনার পর আমরা অভিযান শুরু করি এবং এক দুর্বৃত্তকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করলে গরুগুলোর হদিস পাই।পরে সোমবার মধ্যরাতে ভাটিয়ারি বিএসবিএ হাসপাতাল সংলগ্ন এলাকা থেকে সবকটি গরু উদ্ধার করি এবং ঘটনায় জড়িত আরও একজনকে গ্রেপ্তার করি।মঙ্গলবার সকালে মামলা দায়ের শেষে তামিমকে আদালতে পাঠানো হয়েছে।

গ্রেপ্তার লুট গরু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 06:00

URL: https://www.timestodaybd.com/chittagong/7758073021